দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 1 1 DEC 1988
পৃষ্ঠা 1 কলাম 6

107

# মন্ত্রিপরিষদে ব্যাপক রদবদল

## কাজী জাফর তথ্য, আনিসুল ইসলাম পররাষ্ট্র, শেখ শহীদ শিক্ষা

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ গতকাল মন্ত্রিসভার রদবদল করেছেন। একজন প্রতিমন্ত্রীকে পূর্ণমন্ত্রী এবং নতুন দু'জন প্রতিমন্ত্রী নিযুক্ত করা হয়েছে। মেজর (অবঃ) ইকবাল হোসেন চৌধুরীকে পূর্ণমন্ত্রী এবং এ. টি. এম. গিয়াস উদ্দীন ও তাজুল ইসলাম চৌধুরীকে নতুন প্রতিমন্ত্রী নিযুক্ত করা হয়েছে। পররাষ্ট্রমন্ত্রী হুমায়ুন রশীদ চৌধুরী এ রদবদলের আগেই মন্ত্রিসভা থেকে পদত্যাগ করেন এবং প্রেসিডেন্ট তার পদত্যাগ গ্রহণ করেছেন। প্রতিমন্ত্রী মুফতী মওলানা মোহাম্মদ ওয়াক্কাস ও আবুল খায়ের চৌধুরী মন্ত্রিসভা থেকে বাদ পড়েছেন। খবর বাসস'র।

রদবদলের পর মন্ত্রিসভার সদস্যদের মধ্যে বন্টনকৃত দফতরসমূহ হলঃ প্রধানমন্ত্রী মওদুদ আহমদ— শিল্প মন্ত্রণালয়, উপ-প্রধানমন্ত্রী অধ্যাপক এম. এ. মতিন— স্বরাষ্ট্র মন্ত্রণালয়, উপ-প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ— তথ্য মন্ত্রণালয় এবং প্রেসিডেন্টের রাজনৈতিক উপদেষ্টা, উপ-প্রধানমন্ত্রী শাহ মোয়াজ্জেম হোসেন— শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়, মেজর জেনারেল (অবঃ) এম. এ. মুনএম— স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, মেজর জেনারেল (অবঃ) মাহমুদুল হাসান— কৃষি মন্ত্রণালয়, জনাব এম. কোরবান আলী— বন্দর ও জাহাজ চলাচল মন্ত্রণালয়, জনাব আনিসুল ইসলাম মাহমুদ— পররাষ্ট্র মন্ত্রণালয়, জনাব সিরাজুল হোসেন খান— ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রণালয়, জনাব আনোয়ার হোসেন— যোগাযোগ মন্ত্রণালয়, জনাব এ. কে. এম. মাঈদুল ইসলাম— পাট মন্ত্রণালয়, এয়ার ভাইস মার্শাল (অবঃ) এ. কে. খন্দকার— পরিকল্পনা মন্ত্রণালয়, জনাব মাহবুবুর রহমান— সেচ ও পানি সম্পদ মন্ত্রণালয়, সুনীল গুপ্ত— ভূমি মন্ত্রণালয়, জনাব জাফর ইমাম— বস্ত্র মন্ত্রণালয়, শেখ শহীদুল ইসলাম— শিক্ষা মন্ত্রণালয়, জনাব এ সাত্তার— বাণিজ্য মন্ত্রণালয়, সরদার আমজাদ হোসেন— মৎস্য ও পশু মন্ত্রণালয়, জনাব এ. বি. এম. গোলাম মোস্তফা— জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, জনাব মোস্তফা জামাল হায়দার— পূর্ত মন্ত্রণালয়, জনাব রেজওয়ানুল হক চৌধুরী— সমাজকল্যাণ ও মহিলা বিষয়ক মন্ত্রণালয়, ডঃ ওয়াহিদুল হক— অর্থ মন্ত্রণালয় ও মেজর (অবঃ) ইকবাল হোসেন চৌধুরী— খাদ্য মন্ত্রণালয়।

প্রতিমন্ত্রীদের দফতরঃ জনাব রুহুল আমিন হাওলাদার— স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, জনাব জিয়া উদ্দীন আহমদ— বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয়, লেঃ কর্নেল (অবঃ) এইচ. এম. এ. গাফফার যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, জনাব মামদুদুর রহমান চৌধুরী— কৃষি মন্ত্রণালয়, কাজী ফিরোজ রশীদ— ডাক ও তার মন্ত্রণালয়, জনাব নাজিউর রহমান মিয়া— স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, জনাব নাজিম উদ্দীন আল আজাদ— ধর্ম মন্ত্রণালয়, জনাব নূর মোহাম্মদ খান— সংস্কৃতি মন্ত্রণালয়, জনাব এ. টি. এম. গিয়াস উদ্দীন— সমাজকল্যাণ ও মহিলা বিষয়ক মন্ত্রণালয় এবং জনাব তাজুল ইসলাম চৌধুরী— ভূমি মন্ত্রণালয়।